**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ১ মার্চ ২০১৬, ১৮ ফাল্গুন ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দুইটি পত্রিকা এখনো ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে : সংসদে সমাপনী বক্তৃতায় প্রধানমন্ত্রী

২। তিন আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন

৩। এমপিদের প্রশ্নের জবাব দিতে যত্নবান হওয়ার নির্দেশ : সংসদে স্পিকারের রুলিং

৪। সরকারি চাকরিতে প্রবেশের বয়স বাড়ানোর পরিকল্পনা নেই: সংসদে জনপ্রশাসন মন্ত্রী

৫। সংবিধানে রাষ্ট্রধর্ম হিসেবে ইসলামকে অর্ন্তভুক্তির বিধান নিয়ে
হাইকোর্টের রুলের শুনানি ২৭ মার্চ

৬। আধা-সামরিক বাহিনী হিসেবে গঠনের বিধান রেখে কোস্টগার্ড বিল পাস জাতীয় সংসদে

৭। রাজধানীর বাড়ির মালিক ও ভাড়াটিয়াদের তথ্য থানায় জমা দিতে হবে ১৫ মার্চের মধে
: ডিএমপি কমিশনার

৮। ৩৭ তম বিসিএসে নিয়োগ পাবেন ১২২৬ জন : বিজ্ঞপ্তি প্রকাশ

৯। শেষ হলো দশম সংসদের নবম অধিবেশন

১০। শেষ হলো মাসজুড়ে  থাকা একুশে বইমেলা

১১। দলিতদের অধিকার সুরক্ষায় ভাঙুন বৈষম্যের দেয়াল
: দক্ষিণ এশীয় আঞ্চলিক সম্মেলনে বক্তারা

চলমান পাতা/২

**১।　দুইটি পত্রিকা এখনো ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে : সংসদে সমাপনী বক্তৃতায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা বলেছেন, ওয়ান ইলেভেনের ষড়যন্ত্রের সঙ্গে জড়িত দুটি পত্রিকা ডেইলি স্টার ও প্রথম আলো এখনো দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে। গণতন্ত্রকে কোনো রকমে ধরাশায়ী করে অসাংবিধানিক সরকার আসলে তাদের লাভ হবে, এই আশায় তারা ষড়যন্ত্রেই লিপ্ত থাকে। কিন্তু তাদের এই ষড়যন্ত্রে কোনো কাজ হবে না। জনগণ তাদের প্রত্যাখ্যান করবে। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে। দেশের এই অগ্রগতি কোনো ষড়যন্ত্রই রুখতে পারবে না ইনশাল্লাহ। গতকাল জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভার্ষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাবের ওপর সাধারণ আলোচনার সমাপনী বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **যায়যায়দিন, ইনকিলাব, অবজারভার, নিউ এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২।　তিন আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন**

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, পাবলিক প্রকিউরমেন্ট এবং বেসামরিক বিমান চলাচল আইনের খসড়ার অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল ২৯ ফেব্রুয়ারি সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে আইন তিনটির অনুমোদন দেওয়া হয়। নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল আইন কার্যকর হলে নার্সদের পাশাপাশি পেশাগত সনদ পাবেন ধাত্রীরাও। তিন কোটি টাকা পর্যন্ত কেনাকাটায় ঠিকাদারের অভিজ্ঞতার প্রয়োজন হবে না পাবলিক প্রকিউরমেন্ট আইন কার্যকর হলে এবং বেসামরিক বিমান চলাচল আইনটি কার্যকর হলে বাংলাদেশের আকাশসীমায় অনুপ্রবেশে ৩ থেকে ৭ বছরের কারাদন্ড ও কমপক্ষে ২ কোটি টাকা জরিমানা করা যাবে। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগ সচিব মোহাম্মদ শফিউল আলম সাংবাদিকের এসব তথ্য জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৫), **প্রথম আলো** (পৃ.৩,ক.২), **ডেইলি স্টার** (শেষ পৃ.ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৩।　এমপিদের প্রশ্নের জবাব দিতে যত্নবান হওয়ার নির্দেশ : সংসদে স্পিকারের রুলিং**

স্বরাষ্ট্র মন্ত্রণালয় কার্যপ্রণালী বিধি ভেঙেছে উল্লেখ করে সব মন্ত্রণালয়কে এমপিদের প্রশ্নের উত্তর দেওয়ার ক্ষেত্রে যত্নবান হওয়ার নির্দেশ দিয়েছেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। আওয়ামী লীগের এমপি আবুল কালাম আজাদের দেওয়া এক বক্তব্যের পরিপ্রেক্ষিতে গতকাল ২৯ ফেব্রুয়ারি সোমবার সংসদ অধিবেশনে এই রুলিং দেন তিনি। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬ ক.১), **ইত্তেফাক** (পৃ.২ ক.৩), **ইনকিলাব** (শেষ পৃ. ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ. ক.২)।

**৪।　সরকারি চাকরিতে প্রবেশের বয়স বাড়ানোর পরিকল্পনা নেইঃ সংসদে জনপ্রশাসন মন্ত্রী**

জনপ্রশাসন মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম সংসদকে জানিয়েছেন, সরকারি চাকরিতে প্রবেশের বয়স ৩০ থেকে বাড়িয়ে ৩৫ বছর করার কোনো পরিকল্পনা আপাতত সরকারের নেই। গতকাল ২৯ ফেব্রুয়ারি সোমবার সংসদে সেলিনা বেগমের এক প্রশ্নের জবাবে তিনি একথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৫।　সংবিধানে রাষ্ট্রধর্ম হিসেবে ইসলামকে অন্তর্ভুক্তির বিধান নিয়ে হাইকোর্টের রুলের শুনানি ২৭ মার্চ**

সংবিধানে রাষ্ট্রধর্ম হিসেবে ইসলামকে অন্তর্ভুক্তির বিধান নিয়ে হাইকোর্টের জারি করা রুলের শুনানি শুরু হবে আগামী ২৭ মার্চ। একইসঙ্গে এই রিটের শুনানিতে নিয়োগ করা ১৪ জন এ্যামিকাস কিউরি (আদালতের বন্ধু) প্রত্যাহার করা হয়েছে। বিচারপতি নাঈমা হায়দারের নেতৃত্বোধীন তিন সদস্যের হাইকোর্ট বৃহত্তর বেঞ্চ সোমবার এই আদেশ দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

চলমান পাতা/৩

**৬। আধা-সামরিক বাহিনী হিসেবে গঠনের বিধান রেখে কোস্টগার্ড বিল পাস জাতীয় সংসদে**

কোস্টগার্ডকে অধিদফতরের পরিবর্তে আধা-সামরিক বাহিনী হিসেবে গঠনের বিধান করে সংসদে বাংলাদেশ কোস্টগার্ড বিল-২০১৬ পাস করা হয়েছে। গতকাল ২৯ ফেব্রুয়ারি সোমবার দশম সংসদের ৯ম অধিবেশনের ২৬তম কার্যদিবসে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বিলটি পাসের প্রস্তাব করলে কণ্ঠভোটে তা পাস হয়। দেশের সামুদ্রিক এলাকা, অন্য জলসীমা, উপকূলীয় অঞ্চল এবং বাংলাদেশের ভৌগলিক সীমারেখার সার্বভৌমত্ব সংরক্ষণ এবং বিভিন্ন অপরাধ সংঘটন প্রতিরোধে এই বাহিনী কাজ করবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **যায়যায়দিন** (পৃ.৩,ক.২), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), নিউজ টুডে (পৃ.২,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৭)।

**৭। রাজধানীর বাড়ির মালিক ও ভাড়াটিয়াদের তথ্য থানায় জমা দিতে হবে ১৫ মার্চের মধ্যে : ডিএমপি কমিশনার**

ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া বলেন, আগামী **১৫** মার্চের মধ্যে রাজধানীর বাড়ির মালিক, ভাড়াটেসহ নগরবাসীর সব তথ্য সরবরাহ করা ফরম পূরণ করে থানায় জমা দিতে হবে। জঙ্গি ও সন্ত্রাসবাদ দমনে এসব তথ্য হালনাগাদ করে একটি ডেটাবেজ রাখা হবে। নিরাপদ ঢাকা গড়তে নগরবাসীর সহায়তা চান তিনি। গতকাল ২৯ ফেব্রুয়ারি সোমবার মিন্টো রোডে ডিএমপির মিডিয়া সেন্টারে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.**১**,ক.৬), **প্রথম আলো** (শেষ পৃ.ক.৫), **ডেইলি স্টার** (পৃ.**১**,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.**১**,ক.৫), **নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৮। ৩৭ তম বিসিএসে নিয়োগ পাবেন ১২২৬ জন : বিজ্ঞপ্তি প্রকাশ**

সরকারি চাকরিতে প্রথম শ্রেণির পদে লোক নিয়োগে ৩৭তম বিসিএসের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে সরকারী কর্ম কমিশন (পিএসসি)। মোট **১২২৬** জন নিয়োগ দেওয়া হবে বলে জানানো হয়েছে। গতকাল ২৯ ফেব্রুয়ারি সোমবার পিএসসির ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.**১**,ক.৮), **সংবাদ** (পৃ.**১**,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.ক.৮)।

**৯। শেষ হলো দশম সংসদের নবম অধিবেশন**

দশম জাতীয় সংসদের নবম অধিবেশন ২৭ কার্যদিবস চলার পর গতকাল ২৯ ফেব্রুয়ারি সোমবার শেষ হয়েছে। সংসদ নেতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সংসদের বিরোধীদলীয় নেতা রওশন এরশাদের বক্তব্যের পর অধিবেশন সমাপ্তি সংক্রান্ত রাষ্ট্রপতির ঘোষণা পাঠ করে জাতীয় সংসদের দীর্ঘতম এ অধিবেশনের সমাপ্তি ঘোষণা করেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ. ক.**১**), **জনকণ্ঠ** (পৃ.২ ক.**১**), **সংবাদ** (শেষ পৃ. ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.**১**)।

**১০। শেষ হলো মাসজুড়ে থাকা একুশে বইমেলা**

বাঙালীর ভাষা সংগ্রামের গৌরবোজ্জ্বল স্মৃতিবিজড়িত বই মেলা শেষ হয়েছে। মাসব্যাপী মেলায় প্রকাশিত হয়েছে পাঁচ হাজারের বেশি বই। বিক্রি হয়েছে ৪০ কোটি টাকার বই। রাজনৈতিক স্থিতিশীলতা বজায় থাকায় নির্বিঘ্নে অনুষ্ঠিত হয়েছে এবারের মেলা। ধর্মীয় মৌলবাদীদের হুমকির কথা মাথায় রেখে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছিল। এবার তাই কোনো অনাকাঙ্খিত ঘটনা ছাড়াই সফলভাবে সম্পন্ন হয়েছে অমর একুশে গ্রন্থমেলা-২০১৬। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.**১**,ক.৬), **প্রথম আলো** (শেষ পৃ. ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.১ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.ক.৬)।

**১১। দলিতদের অধিকার সুরক্ষায় ভাঙুন বৈষম্যের দেয়াল : দক্ষিণ এশীয় আঞ্চলিক সম্মেলনে বক্তারা**

দলিত সম্প্রদায়ের ন্যায়বিচার নিশ্চিত করতে সরকারের ওপর চাপ সৃষ্টির তাগিদ দিয়েছেন বক্তারা। একইসঙ্গে দলিতদের সম্পর্কে যে কোনো নীতি বা আইন তৈরিতে তাদের অংশগ্রহণসহ রাজনৈতিক প্রক্রিয়ায় দলিতদের অংশগ্রহণ বিশেষ করে দলিত নারীদের অংশগ্রহণ নিশ্চিত করাসহ তাদের অধিকার প্রতিষ্ঠায় নাগরিক সমাজ সংগঠনগুলোর অংশগ্রহণে সামাজিক আন্দোলন তৈরির আহবান জানিয়েছে। গতকাল ২৯ ফেব্রুয়ারি সোমবার রাজধানীর সিরডাপ আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'দলিত জনগোষ্ঠীর সামাজিক অর্ন্তভুক্তি ও দলিত নারীদের ইস্যু বিষয়ে আঞ্চলিক এজেন্ডা নির্ধারণ' শীর্ষক দক্ষিণ এশীয় আঞ্চলিক সম্মেলনে বক্তারা এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.**১**,ক.**১**), **প্রথম আলো** (পৃ.৯,ক.৩), **ইত্তেফাক** (পৃ.৩,ক.**১**)।

চলমান পাতা/৪

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, সমকাল, ভোরের কাগজ, যুগান্তর, নিউজ টুডে :** দেশে ১০০টি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার সিদ্ধান্ত হওয়ার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অগ্রাধিকার ভিত্তিতে ১০টি অঞ্চল প্রতিষ্ঠায় ভিত্তিপ্রস্তর স্থাপনকে স্বাগত জানিয়ে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠায় পরিবেশবান্ধব উপযুক্ত স্থান বাছাই, জমি অধিগ্রহণ ও গ্যাস-বিদ্যুতের সংযোগ অবকাঠামো প্রতিষ্ঠা প্রধান বিবেচ্য বিষয় হিসেবে নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক :** শেরপুরের নালিতাবাড়ি উপজেলার দুর্গম গ্রাম খলচন্দায় স্বাধীনতার ৪৫ বৎসর পরেও কোনো প্রাথমিক বিদ্যালয় নির্মিত না হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এসব প্রত্যন্ত অঞ্চলের শিক্ষা সম্পর্কিত প্রতিবন্ধকতা দূর করতে সরকারের সাথে সাথে সামাজিক তৎপরতার আহ্বান।

গ. **ইনকিলাব:** দেশে অবৈধ ভাবে বসবাসরত বিদেশিদের তালিকা করে তাদের স্বদেশে ফেরত পাঠাতে এবং দুষকর্ম, দুষ্কৃতি ও অপরাধের সাথে যারা জড়িত তাদের বিরুদ্ধে কঠোর শাস্তির ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ডেইলি স্টার :** পরিবারের সদস্য দ্বারা রংপুরে গৃহবধূ নির্যাতনের চিত্র তুলে ধরে নারী নির্যাতন প্রতিরোধে আইন প্রয়োগ,হেল্প লাইন, ক্রাইসিস সেন্টার ও শেল্টার এসব কার্যক্রম জোরদার করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেন্ডেন্ট, যুগান্তর :** এসএসসি পরীক্ষার ফরম পূরণের সময় অতিরিক্ত অর্থ আদায় করা স্কুলগুলো বাড়তি অর্থ ফেরত না দিলে প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে শিক্ষাকে অপরাধমুক্ত করার আহবান।

চ. **ডেইলি সান :** দেশের বেকার সমস্যা সমাধানে শিক্ষা ব্যবস্থায় টেকনিক্যাল ও ভোকেশনাল শিক্ষার ওপর জোর দেওয়ার সুপারিশ।

ছ. **নিউ এজ :** গণপূর্ত অধিদফতরের ৫০০ একর জমি অবৈধভাবে দখলের বিষয় তুলে ধরে বৃহৎ জনস্বার্থে এসব জমি দখলমুক্ত করার জোর প্রচেষ্টা চালানোর আহবান।

জ. **নিউ নেশন :** রাজধানীর মধ্যাঞ্চল ও উত্তরাঞ্চলে ঢাকা ওয়াসার সরবরাহকৃত পানি দুর্গন্ধ ও অস্বাস্থ্যকর হয়ে পড়ায় ওয়াসাকে এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত কলামে গ্রামে-গঞ্জে স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে যথাযথ পদক্ষেপ নিতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিশুর জন্য যথার্থ নিরাপত্তা'** শিরোনামের নিবন্ধে অরুণদ্যুতি পাল শিশুদের যারা অপহরণ করে মুক্তিপণ আদায় করে,খুন করে তাদের জন্য প্রচলিত আইনের বাইরে আরও কোনো কঠোর আইন করা যায় কিনা তা আমাদের ভাবতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/আসমা/২০১৬/৯.০০ ঘণ্টা